



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

০৯ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ : -----

২৪ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ

ডিওএস সার্কুলার লেটার নং-২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাসেল-৩ নীতিমালার আওতায় মূলধন পর্যাণ্ডতা সংশ্লিষ্ট

## Rationalized Input Template (RIT) এ তথ্য পরিবর্তন প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮, তারিখ: ১৫ জুন ২০২৩ এবং ডিওএস সার্কুলার নং-০১, তারিখ: ১৬ জানুয়ারি ২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮/২০২৩ এর মাধ্যমে শাখাভিত্তিক কার্যরত ব্যাংক-কোম্পানীসহ স্থাপিতব্য যেকোনো নতুন ব্যাংক-কোম্পানী স্থাপনের জন্য ন্যূনতম পরিশোধিত মূলধন ৫০০.০০ কোটি টাকা নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি করা হয়; যা ইতোমধ্যে কার্যকর হয়েছে।

৩। এ পরিপ্রেক্ষিতে, বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের জন্য ব্যাংকের মোট ঝুঁকিভিত্তিক সম্পদের ১০% অথবা ৫০০.০০ কোটি টাকার মধ্যে যা বেশি, তা ন্যূনতম রক্ষিতব্য মূলধন হিসেবে বিবেচিত হবে। পরিবর্তিত ন্যূনতম রক্ষিতব্য মূলধন [Minimum Capital Requirement (MCR)] অনুযায়ী ব্যাসেল-৩ নীতিমালার আওতায় মূলধন পর্যাণ্ডতা সংশ্লিষ্ট RIT (T\_PS\_Q\_BASEL\_BSL3) হালনাগাদ (update) করে ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের Web Portal এ আপলোড করা হয়েছে।

৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোডকৃত মূলধন পর্যাণ্ডতা সংশ্লিষ্ট সংশোধিত RIT (T\_PS\_Q\_BASEL\_BSL3) এর মাধ্যমে জুন ২০২৩ ত্রৈমাসিক হতে মূলধন পর্যাণ্ডতার বিবরণী দাখিল করার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জবদুল ইসলাম)

পরিচালক (ডিওএস)

ফোন: ৯৫৩০৩১৪